গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
সিলেট সদর, সিলেট
http://sylhetsadar.sylhet.gov.bd/

উপজেলা ইনোভেশন কমিটির সেপ্টেম্বর, ২০২৫ মাসের সভার কার্যবিবরণী :

| | | |
|---|---|---|
| সভাপতি | : | খোশনূর রুবাইয়াৎ<br>উপজেলা নির্বাহী অফিসার |
| সভার তারিখ | : | ১৬.০৯.২০২৫ খ্রিস্টাব্দ |
| সভার সময় | : | ০৪:৩০ মিনিট |
| স্থান | : | উপজেলা পরিষদ সভাকক্ষ |
| উপস্থিতি | : | পরিশিষ্ট 'খ' |

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হলে সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, মাঠ পর্যায়ে কর্মকর্তাদের জন্য 'নাগরিক সেবায় উদ্ভাবন' বিষয়ক কর্মশালায় ইতোমধ্যে উপজেলা পর্যায়ের কর্মকর্তাদের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। বর্ণিত কর্মকর্তাগণ কর্মশালায় সরকারি বিদ্যমান সেবা ব্যবস্থাকে আরও সহজ, সরল এবং মানুষের দোরগোড়ায় পৌঁছে দিতে ইনোভেশন আইডিয়া চিহ্নিতকরণসহ পাইলট প্রকল্প দাখিল করার অনুরোধ করেন। তাছাড়া প্রশিক্ষণ কর্মশালায় চিহ্নিত উদ্ভাবনী উদ্যোগসমূহ বাস্তবায়নে উপজেলা ইনোভেশন টিমের সক্রিয় সহায়তা কামনা করেন।

জনপ্রশাসনে কাজের গতিশীলতা বৃদ্ধি ও উদ্ভাবনী দক্ষতা বৃদ্ধি এবং নাগরিক সেবা প্রদান প্রক্রিয়া দ্রুত ও সহজীকরনের পন্থা উদ্ভাবন ও চর্চার লক্ষ্যে জেলা ও উপজেলা পর্যায়ে "নাগরিক সেবায় উদ্ভাবন" বিষয়ক কর্মশালায় অংশগ্রহণকারী কর্মকর্তাগনের গৃহীত উদ্ভাবনী উদ্যোগসমূহ ইনোভেশন টিমসমূহের মাসিক সভায় এজেন্ডাভূক্ত করে উদ্যোগ বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনাক্রমে উর্দ্ধতন কর্তৃপক্ষকে অবহিত করার জন্য অনুরোধ জানানো হয়েছে।

**সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতভাবে নিম্নরুপ সিদ্ধান্ত গ্রহণ করা হয় :**

১. সিলেট সদর উপজেলা পরিষদ ও সদর উপজেলাধীন সকল ইউনিয়ন পরিষদসমূহ এবং ইউনিয়ন ভূমি অফিস গুগল ম্যাপে চিহ্নিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

২. লক্ষাধিক বইয়ের তালিকা সম্বলিত অনলাইন পাবলিক লাইব্রেরী প্রতিষ্ঠার সিদ্ধান্ত গৃহীত হয়।

৩. জুলাই গণঅভ্যুত্থান-২০২৪ এর জুলাই যোদ্ধাদের নিয়ে একটি সমবায় সমিতি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়।

৪. আলাদা ওয়েবসাইট তৈরির মাধ্যমে সিলেট সদর উপজেলা ও সিলেট সিটি কর্পোরেশনের আওতাধীন টিলার তালিকা ও ঝুঁকিপূর্ণ টিলা গুগল ম্যাপে চিহ্নিত করে গুগল আর্থ হতে পুরাতন ও নতুন ছবি সংযুক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

৫. সিলেট সদর উপজেলায় একটি মৎস্য অভয়াশ্রম তৈরি করার সিদ্ধান্ত গৃহীত হয়।

৬. উদ্ধারকৃত খাস জমিতে ফ্রুট ভ্যালি ও পর্যটন কেন্দ্র স্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।

৭. চা-বাগানে "শেড ট্রি" রোপনের সিদ্ধান্ত গৃহীত হয়। লাক্কাতুরা চা-বাগান ও টুকেরবাজারে "শেড ট্রি" রোপণ করা হয়েছে।

৮. স্ব-স্ব দপ্তরের ওয়েব পোর্টালের নির্ধারিত স্থানে (ইনোভেশন কর্ণার) আপলোড করতে হবে। সকল বিভাগীয় কর্মকর্তা এ বিষয়ে দ্রুত প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন।

৯. "নাগরিক সেবায় উদ্ভাবন" বিষয়ক কর্মশালায় অংশগ্রহণকারী কর্মকর্তাগন কর্তৃক গৃহীত উদ্ভাবনী উদ্যোগসমূহ ইনোভেশন টিমসমূহের মাসিক সভায় এজেন্ডাভূক্ত করে উদ্যোগ বাস্তবায়নের অগ্রগতি প্রতিবেদন উর্দ্ধতন কর্তৃপক্ষকে অবহিত করতে হবে।

১০. সরকারি বিদ্যমান সেবা ব্যবস্থাকে আরও সহজ, সরল এবং মানুষের দোরগোড়ায় পৌঁছে দিতে ইনোভেশন আইডিয়া চিহ্নিত ও দাখিলকৃত পাইলট প্রকল্প/ উদ্যোগসমূহ বাস্তবায়নে উপজেলা ইনোভেশন টিমের সক্রিয় সহায়তা কামনা করা হয়।

২৭।০৯।২৫

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৭/০৯/২৫

খোশনূর রুবাইয়াৎ
উপজেলা নির্বাহী অফিসার
সিলেট সদর, সিলেট।
মোবাইল : ০১৭৩০৩৩১০৩৯
E-mail : unosylhet@mopa.gov.bd

স্মারক নম্বর: ০৫.৪৬.৯১৬২.০০০.৯৯.০০৩.২২. ১৬৭২ | তারিখ: ১৭ সেপ্টেম্বর, ২০২৫ খ্রি.

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :
১) জেলা প্রশাসক, সিলেট
২) উপজেলা ......................... অফিসার (সকল), সিলেট সদর, সিলেট
৩) জনাব/বেগম, ...................................., সিলেট সদর, সিলেট
৪) অফিস কপি

১৭/০৯/২৫

খোশনূর রুবাইয়াৎ
উপজেলা নির্বাহী অফিসার
সিলেট সদর, সিলেট।